

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজসেবা অধিদফতর  
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়,  
শ্যামনগর, সাতক্ষীরা

বিষয়: কেস কনফারেন্স এর কার্যবিবরণী

সভার তারিখ : ২৯/০৭/২০২৪ খ্রিঃ  
সভার সময় : সকাল ১০.৩০ টায়  
সভার স্থান : উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়,  
সভাপতি : আরিফুজ্জামান, উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয়, শ্যামনগর, সাতক্ষীরা।  
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

আলোচ্য সূচী:

১. গত সভার রেজুলেশন পাঠ ও অনুমোদন;
২. নতুন কেস নিয়ে আলোচনাঃ  
ক) ফারিয়া এর বিষয়ে আলোচনা;  
খ) শাহিলা আক্তার শিলা, এর বিষয়ে আলোচনা;
৩. বিবিধ

১. সভার শুরুতে সহায়ক উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভার আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন। শুরুতে গত সভার রেজুলেশন পাঠ করা হয় ও এর ভিতরে কোন পরিবর্তন না থাকায় তা অনুমোদিত হয়।

পূর্ববর্তী কেসগুলোর অগ্রগতি পর্যালোচনা:

সভায় সমাজকর্মীগণ পূর্ববর্তী কেস কনফারেন্স এ উপস্থাপিত কেস সমূহের সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি নিম্নরূপ উপস্থাপন করছেন।

ক্র	শিশুর নাম ও বয়স	লিঙ্গ	পূর্ববর্তী সিদ্ধান্ত সমূহ	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি	বাস্তবায়নের অগ্রগতি	মন্তব্য
ক	শিশু নুসরাত জাহান নিভা এর বিষয়ে আলোচনা;	মেয়ে	১. শিশুর পরিবারে সরজমীনে গিয়ে দেখতে হবে। ২. আগামীতে শিশু সুরক্ষা ভাতার আওতায় নিয়ে আসতে হবে। ৩. শিশুর মাকে বিধবা ভাতা দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। ৪. শিশুকে স্কুলে ভর্তি করতে হবে।	এস.এম আরিফুজ্জামান, শিশু সুরক্ষা সমাজকর্মী ও সংশ্লিষ্ট ইউনিয়ন সমাজকর্মী	শিশু নুসরাত জাহান নিভা ও তার মা আলাদা একজনের বাড়ীতে থাকে সে স্কুলে যাচ্ছে। তবে এখনো তার মানসিকভাবে চাপে আছে ভয়ে আছে।	

২. নতুন কেস সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্তসমূহ:

ক) ফারিয়া এর বিষয়ে আলোচনা;

শিশু সুরক্ষা সমাজকর্মী জনাব এস.এম আরিফুজ্জামান, শিশু ফারিয়া এর বিষয়ে আলোচনাকালে বলেন তার পিতা মারা গেছে ০৭ বছর আগে। আর মা অন্যত্র বিয়ে করেছে ০৫ বছর আগে। ফারিয়া তার দাদীর কাছে থাকে। তার দাদী বিভিন্ন জনের কাছ থেকে চেয়ে চিন্তে তার সংসার চালাই। কোন রকমে তাদের দিন চালাচ্ছে। দিন দিন ফারিয়া বড়ো হচ্ছে। এখন তার পিছনে আরো বেশি খরচ। এই খরচ চালানো তার বিষয়ে অসম্ভব হয়ে পড়েছে। তাকে শিশু সুরক্ষা ভাতার আওতায় নিয়ে আসার জন্য তালিকা পাঠিয়ে ছিলাম কিন্তু তাদের নাম বাদ পড়ে গেছে। এই জন্য আবার তার জন্য কিছু করা যায় কিনা।

খ) শাহিলা আক্তার শিলা, এর বিষয়ে আলোচনা;

শিশু সুরক্ষা সমাজকর্মী জনাব এস.এম আরিফুজ্জামান, শিশু শাহিলা আক্তার শিলা এর বিষয়ে আলোচনাকালে তিনি বলেন তার পিতা মারা গেছে ০৬ বছর আগে। আর শাহিলা আক্তার শিলা ও তার মা নানির বাড়ী থাকে। তার মা দিন মজুরীর কাজ করে কোন রকমে

সংসার চালাচ্ছে। শাহিলার বড়ো বোনকে বিয়ে দিয়েছে। এখন তার মা আর কাজ করতে পারছে না। তার মা অনেক অসুস্থ হয়ে গেছে। এই অবস্থায় তার জন্য কঠিন হয়ে যাচ্ছে। শাহিলার লেখা পড়ার পাশা পাশি তার ভরনে পোষন এর খরচ চালানো কঠিন। তাকে শিশু সুরক্ষা ভাতার আওতায় নিয়ে আসার জন্য তালিকা পাঠিয়ে ছিলাম কিন্তু তাদের নাম বাদ পড়ে গেছে। এই জন্য আবার তার জন্য কিছু করা যায় কিনা।

গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ

ক্র	শিশুর নাম ও বয়স	লিঙ্গ	সিদ্ধান্ত সমূহ	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি	বাস্তবায়নের অগ্রগতি	মন্তব্য
ক	ফারিয়া	মেয়ে	১. শিশুর পরিবারে সরজমীনে গিয়ে দেখতে হবে। ২. বাল্য বিবাহ এর ক্ষতি সম্পর্কে শিশুর পরিবারকে বোঝাতে হবে। ৩. আগামীতে শিশু সুরক্ষা ভাতার প্রতিস্থাপিত তালিকায় আনতে হবে। ৪. শিশুকে নিয়োগিত স্কুল করতে উৎসাহিত করতে হবে।	এস.এম আরিফুজ্জামান, শিশু সুরক্ষা সমাজকর্মী ও সংশ্লিষ্ট ইউনিয়ন সমাজকর্মী।		
খ	শাহিলা আক্তার শিলা,	মেয়ে	১. শিশুর পরিবারে সরজমীনে গিয়ে দেখতে হবে। ২. আগামীতে শিশু সুরক্ষা ভাতার তালিকায় আনতে হবে। ৩. শিশুকে নিয়োগিত স্কুল করতে উৎসাহিত করতে হবে।	এস.এম আরিফুজ্জামান, শিশু সুরক্ষা সমাজকর্মী ও সংশ্লিষ্ট ইউনিয়ন সমাজকর্মী।		

৩. অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। জাতীয় প্রকল্প পরিচালক, সিএসপিবি প্রকল্প ফেইজ-২, আগারগাও, ঢাকা
- ২। পরিচালক (উপসচিব), বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা।
- ৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সাতক্ষীরা।
- ৪। চাইল্ড প্রটেকশন অফিসার, ইউনিসেফ, খুলনা।
- ৫। অফিস নথি।

  
২৯/০৭/২৪  
আরিফুজ্জামান

উপজেলা সমাজসেবা অফিসার

শ্যামনগর, সাতক্ষীরা।

ফোননং-+৮৮০২৪৭৭৭৪৩৬৩৩।

ই-মেইলঃ usso.shyamnagar@dss.gov.bd

  
২৯/০৭/২৪